বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২৩.১১৩ তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

## দপ্তরাদেশ

জনাব মাহবুবে মওলা মোঃ মেহেদী হাসান, সাবেক নির্বাহী প্রকৌশলী, পিরোজপুর পওর বিভাগ বর্তমানে নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা এর বিরুদ্ধে পিরোজপুর জেলার ভান্ডারিয়া পৌরসভায় পিরোজপুর পওর বিভাগের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে বাস্তবায়নাধীন মুচির খাল পুনঃ খনন (কিঃমিঃ ০.০০০ হতে কিঃমিঃ ১.৪৫০=১.৪৫০ কিঃমিঃ) কাজের আওতায় নির্মিত ঘাটলা ও বেঞ্চ নির্মাণ কাজ বাস্তবায়নে অনিয়মের অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী অভিযোগনামা আনয়ন পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) ও ৪৮(খ) অনুযায়ী অভিযুক্ত করে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২৩-২৭৮ তারিখঃ ৩১-০৮-২০২৩ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০ কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব মাহবুবে মওলা মোঃ মেহেদী হাসান, নির্বাহী প্রকৌশলী এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে লিখিত বিবৃতি দাখিল করেন। তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২৩-৪০৪ তারিখঃ ১৬-১১-২০২৩ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব মাহবুবে মওলা মোঃ মেহেদী হাসান, নির্বাহী প্রকৌশলী এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মাহবুবে মওলা মোঃ মেহেদী হাসান, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা'কে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১০/০৩/২০২৪
মোঃ নোমান ফরিদ
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১১.২৩.১১৩(৮) তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:
১. প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল পওর সার্কেল, বাপাউবো, বরিশাল।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, পিরোজপুর পওর বিভাগ, বাপাউবো, পিরোজপুর।
৭. জনাব মাহবুবে মওলা মোঃ মেহেদী হাসান, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

১০/০৩/২০২৪
শেখ মোঃ আবদুল খালেদ
উপ-পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বর-৭১১২১৬০০১

ডায়েরী নং ৪৫৪
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার
মুদ্রাক্ষরিক

তারিখঃ ১০/৩/২৪
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

E:\Quddus\OO. Realese.docx51